



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০২-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

অদ্য ০২-০৯-২০২০ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় অনূর্ধ্ব-২০ ফুটবল দলের ২৭ জন এলিট খেলোয়াড়দের অংশগ্রহণে অন লাইন 'জুম' এর মাধ্যমে প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়। বাফুফে ফর্টিজ একাডেমি ও ২০১৭-১৯ সালের বয়সভিত্তিক জাতীয় দলের খেলোয়াড়দের সমন্বয়ে উক্ত বয়সভিত্তিক এলিট অনূর্ধ্ব-২০ দল গঠন করা হয়। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত উক্ত কার্যক্রম অন লাইনের মাধ্যমে চলমান থাকবে। এই প্রোগ্রামের মাধ্যমে খেলোয়াড়দের ফুটবল সম্পর্কে টেকনিক্যাল ও ফিজিক্যাল ডেভলপমেন্ট সম্পর্কে অবহিত করা হবে, যার ফলে আবাসিক ক্যাম্পে যোগদানের পূর্ব পর্যন্ত তারা বাসায় অবস্থান করে টেকনিক্যাল ও ফিটনেস লেভেল ঠিক রাখতে পারে। বাফুফের টেকনিক্যাল স্টাফ ও প্রশিক্ষকগণ নিয়মিতভাবে তাদের দিকনির্দেশনা প্রদান করবে।

উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন বাফুফের সহ-সভাপতি ও টেকনিক্যাল কমিটির চেয়ারম্যান জনাব তাবিথ আউয়াল, বাফুফের Technical Director Mr. Paul Thomas Smalley, প্রধান প্রশিক্ষক Mr. Jamie Day, সহকারী প্রশিক্ষক ও বয়সভিত্তিক দলের প্রধান প্রশিক্ষক Mr. Stuart Paul Wattkiss, বাফুফে হেড অব এলিট ইয়ুথ জনাব মোস্তফা আনোয়ার পারভেজ, টেকনিক্যাল ডিপার্টমেন্টের অন্যান্য কর্মকর্তাগণ এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।